**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 21-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM-three new law :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ভারতের নতুন তিনটি ফৌজদারি আইনের রূপান্তরমূলক প্রকৃতির উপর জোর দিয়ে, এগুলিকে ভুক্তভোগী-বান্ধব, প্রযুক্তি-চালিত এবং সময়োপযোগী ন্যায়বিচার প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ বলে বর্ণনা করেছেন। গতকাল আগরতলায় প্রজ্ঞা ভবনে নতুন ফৌজদারি আইন এবং এনডিপিএস আইনের অধীনে তদন্ত এবং মামলা পরিচালনা সংক্রান্ত এক কর্মশালায় ভাষণ দিতে গিয়ে মুখ্যমন্ত্রী গত বছরের পয়লা জুলাই থেকে দেশব্যাপী কার্যকর হওয়া ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়মের মূল বৈশিষ্ট্যগুলি তুলে ধরেন। মুখ্যমন্ত্রী পুনর্ব্যক্ত করেন যে একজন ভুক্তভোগী এখন শারীরিকভাবে থানায় না গিয়েও দেশের যেকোনো প্রান্ত থেকে ইলেকট্রনিক যোগাযোগের মাধ্যমে এফআইআর দায়ের করতে পারবেন। মুখ্যমন্ত্রী প্রতি ৯০ দিন অন্তর ভুক্তভোগীদের তাদের মামলা সম্পর্কে অবহিত রাখার আইনি প্রয়োজনীয়তা এবং এফআইআরের প্রতিলিপি পাওয়ার অধিকারের উপরও জোর দেন।

মুখ্যমন্ত্রী নতুন তিন আইন সম্পর্কে রাজ্যের মানুষজনকে অবহিত করার জন্য নিয়মিত সচেতনতামূলক কর্মসূচি আয়োজন করার কথা বলেন।

########Byte-CM########

## .Monsoon Session of Parliament:

আজ থেকে সংসদের বর্ষাকালীন অধিবেশন শুরু হচ্ছে এবং চলবে ২১শে আগস্ট পর্যন্ত চলবে। অধিবেশন চলাকালীন, উভয় কক্ষের মোট ২১টি অধিবেশন অনুষ্ঠিত হবে। গতকাল সংসদের বর্ষাকালীন অধিবেশনের প্রাকপর্বে কেন্দ্রীয় সরকার সংসদের উভয় কক্ষের সুষ্ঠু কর্মসূচি নিশ্চিত করার জন্য একটি সর্বদলীয় বৈঠক করেছে। বৈঠকে অধিবেশন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিরোধী দলগুলির সহযোগিতা কামনা করা হয়। লোকসভা এবং রাজ্যসভার প্রতিনিধিত্বকারী বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা সভায় উপস্থিত ছিলেন। কেন্দ্রীয় মন্ত্রী এবং রাজ্যসভায় সংসদ নেতা জগৎ প্রকাশ নাড্ডার সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে কংগ্রেসসহ বিভিন্ন বিরোধী দলের নেতারা উপস্থিত ছিলেন।

বৈঠকের পর সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সংবাদিকদের জানান, বৈঠকটি খুবই গঠনমূলক ছিল এবং বিভিন্ন দলের নেতারা তাদের দলের অবস্থান এবং এই অধিবেশনে তারা যে বিষয়গুলি উত্থাপন করতে চান তা তুলে ধরেন। শ্রী রিজিজু বলেন, সরকার বিরোধী দলকে উভয় কক্ষের যথাযথ কার্যকারিতা নিশ্চিত করার জন্য অনুরোধ করেছে। তিনি বলেন, শাসক দল এবং বিরোধী দল উভয়েরই সুসমন্বয় বজায় রেখে কাজ করা উচিত। শ্রী রিজিজু জানান, সরকার সংসদে অপারেশন সিঁদুরের মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে উন্মুক্ত আলোচনা করতে প্রস্তুত আছে।

****************

**Shravan Monday:**

শ্রাবণ মাসের আজ প্রথম সোমবার। ভোর থেকেই শিবভক্তরা নদী থেকে জল সংগ্রহ করে মন্দিরমুখী হচ্ছেন। বিভিন্ন শিবমন্দিরে দেখা গেছে দীর্ঘ লাইন, ঢাক-কাঁসর ও শঙ্খধ্বনিতে মুখরিত হয়েছে আশপাশের পরিবেশ।একটি প্রতিবেদন....

****************

**PM tour :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৩ জুলাই থেকে ৪ দিনের জন্য যুক্তরাজ্য এবং মালদ্বীপ সফরে যাচ্ছেন।

সফরের প্রথম পর্যায়ে, প্রধানমন্ত্রী ব্রিটিশ প্রধানমন্ত্রী কেয়ার স্টারমারের আমন্ত্রণে ২৩ থেকে ২৪ জুলাই পর্যন্ত যুক্তরাজ্য সফর করবেন। এই সফরকালে, প্রধানমন্ত্রী মোদী ভারত-যুক্তরাজ্য দ্বিপাক্ষিক সম্পর্কের সামগ্রিক দিক নিয়ে যুক্ত রাজ্যের প্রধানমন্ত্রীর সঙ্গে বিস্তারিত আলোচনা করবেন।

এটি প্রধানমন্ত্রী মোদীর চতুর্থ যুক্তরাজ্য সফর। দ্বিতীয় পর্যায়ে, মালদ্বীপের রাষ্ট্রপতি ডঃ মোহাম্মদ মুইজ্জুর-এর আমন্ত্রণে প্রধানমন্ত্রী মোদী এই মাসের ২৫ তারিখ থেকে দুই দিনের মালদ্বীপ সফরে যাবেন। মালদ্বীপের স্বাধীনতার ৬0তম বার্ষিকী উদযাপনে তিনি 'সম্মানিত অতিথি' হিসেবে উপস্থিত থাকবেন। সফরকালে তিনি মালদ্বীপের রাষ্ট্রপতির সঙ্গে দেখা করবেন এবং পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা করবেন। এটি হবে প্রধানমন্ত্রীর মালদ্বীপে তৃতীয় সফর।

*******************

**Minister Sudhangshu Das** :

মৎস্যমন্ত্রী সুধাংশু দাসের উপস্থিতিতে ঊনকোটি জেলার কাঞ্চনবাড়ি মাল্টিপারপাস হলে গতকাল বিকালে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এখানে কাঞ্চনবাড়ি, পূর্ব মশাউলী, পশ্চিম মশাউলী,লালঝুড়ি, পূর্ব রাতাছড়া ও পশ্চিম রাতাছড়া পঞ্চায়েতের জনপ্রতিনিধি, বুদ্ধিজীবী ও বাজার ব্যবসায়ীরা উপস্থিত ছিলেন।এখানে সংশ্লিষ্ট পঞ্চায়েত এলাকার সার্বিক বিকাশ বিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়।

*****************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৪তম পর্ব| বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর অনুবাদ শোনা যাবে।

**************

**Palm tree**:

বামুটিয়ার  তালতলায় বিনোদিনী চা বাগানে আজ  "পাম গাছ রোপণ" কর্মসূচি অনুষ্ঠিত হবে।এই  কর্মসূচির উদ্বোধন করবেন  কৃষিমন্ত্রী রতন লাল নাথ |

*****************

**৮.Weather**:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত: মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.২  ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় পরিমাপ যোগ্য বৃষ্টিপাত ৩.২ মিলিমিটার |

*****************